শেখ হাসিনার উদ্যোগ

রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি

চরবাগমারা, রাজবাড়ী

ISO 9001:2015 Certified ফোনঃ ,০৬৪১-৬৫১৫৪, ই-মেইলঃ rajbaripbs@yahoo.com. Web : pbs.rajbari.gov.bd

স্মারক নং-২৭.১২.৮২০০.৫৫৭.০২.০০৮.২২- ৯৭২২ তারিখঃ- ২৯ চৈত্র ১৪২৮ বঃ
১২ এপ্রিল ২০২২খ্রিঃ

"নিয়োগ বিজ্ঞপ্তি"

রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্নবর্ণিত ডাটা এন্ট্রি অপারেটর, অফিস সহায়ক ও ড্রাইভার এর শূন্য পদে স্থায়ী ভিত্তিতে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্ত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফর্মে (স্বহস্তে পূরণকৃত) নিম্নোক্ত শর্ত প্রতিপালন স্বাপেক্ষে জেনারেল ম্যানেজার, রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি বরাবর দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	বয়সসীমা	বেতন স্কেল	শিক্ষাগত/প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
০১	ডাটা এন্ট্রি অপারেটর (মহিলাদের জন্য সংরক্ষিত) পদের সংখ্যা - ০৩ টি (নিয়োগকালীন পদ সংখ্যা কম/বেশি হতে পারে)	**১১/০৫/২০২২** খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বোচ্চ ৩০ বছর, তবে মুক্তিযোদ্ধা কোটায় ৩২ বছর। মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে প্রমাণক দাখিল করতে হবে। (বয়স প্রমানের জন্য এভিডেভিট গ্রহণযোগ্য নয়)	পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী ১৮,৩০০/- হতে ৪৬,২৪০/- টাকা এবং নিয়ম অনুযায়ী বাড়ীভাড়া, চিকিৎসা ভাতা অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন।	**ক)** এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় নূন্যতম দ্বিতীয় বিভাগ অথবা জিপিএ/সিজিপিএ ন্যূনতম ২.৫০ (৫.০০ এর মধ্যে) অথবা সমতুল্য থাকতে হবে। **খ)** ওয়ার্ড প্রসেসিং এ পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে এবং কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে। **গ)** বাংলা প্রতি মিনিটে ন্যূনতম ২০(বিশ) শব্দ ও ইংরেজী প্রতি মিনিটে ন্যূনতম ৩০(ত্রিশ) শব্দ কম্পিউটারে টাইপ করতে সক্ষম হতে হবে। **ঘ)** বাংলা ও ইংরেজী ব্যাকরণ সহ বানান, বিরাম চিহ্ন ও বাক্য গঠনে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। নথিকরণ, যোগাযোগ ও তথ্য সংরক্ষণ সম্পর্কে সঠিক জ্ঞান থাকতে হবে। **ঙ)** সম্পাদিত কার্যাদি সুবিন্যস্থ ও পরিষ্কারভাবে উপস্থাপনের দক্ষতা থাকতে হবে। **চ)** সুন্দর ও মনোরমভাবে কাজ করার ক্ষমতা থাকতে হবে।	বরিশাল, ভোলা, বগুড়া, ব্রাহ্মণবাড়ীয়া, চাঁদপুর, চট্টগ্রাম, কুমিল্লা, কক্সবাজার, ঢাকা, দিনাজপুর, ফেনী, গাজীপুর, হবিগঞ্জ, জামালপুর, জয়পুরহাট, খুলনা, কিশোরগঞ্জ, কুড়িগ্রাম, লক্ষীপুর, লালমনিরহাট, মৌলভীবাজার, মুন্সিগঞ্জ, ময়মনসিংহ, নারায়নগঞ্জ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, নেত্রকোনা, নীলফামারী, নোয়াখালী, পঞ্চগড়, পটুয়াখালী, রাজশাহী, রংপুর, শরিয়তপুর, শেরপুর, সিরাজগঞ্জ, সুনামগঞ্জ, সিলেট ও টাঙ্গাইল।
০২	ড্রাইভার (পুরুষ) পদের সংখ্যা - ০৩ টি (নিয়োগকালীন পদ সংখ্যা কম/বেশি হতে পারে)	**১১/০৫/২০২২** খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বোচ্চ ৪৫ বছর (বয়স প্রমানের জন্য এভিডেভিট গ্রহণযোগ্য নয়)	পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী ১৬,৬০০/= হতে ৪১,৯৫০/= এবং নিয়ম অনুযায়ী বাড়ীভাড়া, চিকিৎসা ভাতা অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন।	(ক) প্রার্থীকে সাবলীলভাবে বাংলা পড়া ও লেখার এবং ইংরেজি শব্দ ও সংখ্যা পড়ার জ্ঞান সম্পন্ন হতে হবে। এছাড়াও নির্দেশনা, সাংকেতিক চিহ্ন বুঝা, প্রতিবেদন, লগ বই লেখা এবং সময়সূচি পড়ার পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। (খ) প্রার্থীর বিআরটিএ কর্তৃক প্রদত্ত হালকা গাড়ী চালানোর ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। (গ) বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ যানবাহন চালনা ও রক্ষণাবেক্ষণ কাজে সরকারি/ আধা সরকারী/ স্বায়ত্তশাসিত/বৃহৎ শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (ঘ) বিগত ০৩ (তিন) বছরে বড় ধরণের কোন দূর্ঘটনা ঘটেনি মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যয়নপত্র আবেদনের সহিত দাখিল করতে হবে। (ঙ) নিয়োগকারী প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত গাড়ী চালানো ও লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। (চ)সিভিল সার্জন/নিয়োগকারী প্রতিষ্ঠানের অনুমোদিত ডাক্তার কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।	

ক্রঃ নং	পদের নাম	বয়সসীমা	বেতন স্কেল	শিক্ষাগত/প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
০৩	অফিস সহায়ক (পুরুষ) পদের সংখ্যা - ০২ টি (নিয়োগকালীন পদ সংখ্যা কম/বেশি হতে পারে)	**১১/০৫/২০২২ খ্রিঃ** তারিখে প্রার্থীর বয়স সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বোচ্চ ৩০ বছর, তবে মুক্তিযোদ্ধা কোটায় ৩২ বছর। মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে প্রমাণক দাখিল করতে হবে। (বয়স প্রমানের জন্য এভিডেভিট গ্রহণযোগ্য নয়)	পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী ১৫,৫০০/- হতে ৩৯,১৭০/- এবং নিয়ম অনুযায়ী বাড়ীভাড়া, চিকিৎসা ভাতা অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন।	(ক) কমপক্ষে এসএসসি অথবা সমমান পাশ হতে হবে। (খ) প্রার্থীকে অবশ্যই সৎ,বিশ্বস্ত, কর্মঠ ও উত্তম চরিত্রের অধিকারী হতে হবে। (গ) প্রার্থীকে সুন্দর শারীরিক গঠন ও সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্ব সম্পন্ন হতে হবে। (ঘ) প্রার্থীকে বাই-সাইকেল চালনায় পারদর্শী হতে হবে এবং নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে। (ঙ) প্রার্থীকে দাপ্তরিক চিঠিপত্র আদান প্রদান, পরিষ্কার পরিচ্ছন্নতা এবং অফিস ডেকোরেশন কাজে পারদর্শী হতে হবে।	বরিশাল, ভোলা, বগুড়া, ব্রাহ্মণবাড়ীয়া, চাঁদপুর, চট্টগ্রাম, কুমিল্লা, কক্সবাজার, ঢাকা, দিনাজপুর, ফেনী, গাজীপুর, হবিগঞ্জ, জামালপুর, জয়পুরহাট, খুলনা, কিশোরগঞ্জ, কুড়িগ্রাম, লক্ষীপুর, লালমনিরহাট, মৌলভীবাজার, মুন্সিগঞ্জ, ময়মনসিংহ, নারায়নগঞ্জ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, নেত্রকোনা, নীলফামারী, নোয়াখালী, পঞ্চগড়, পটুয়াখালী, রাজশাহী, রংপুর, শরিয়তপুর, শেরপুর, সিরাজগঞ্জ, সুনামগঞ্জ, সিলেট ও টাঙ্গাইল।

শর্তাবলীঃ-

০১। আবেদনকারীগণকে রাজবাড়ী পল্লীবিদ্যুৎ সমিতির ওয়েব সাইট (Web : pbs.rajbari.gov.bd) হতে নির্ধারিত আবেদন ফরম (ফরমনং-পমাসপ ১১০-০০২, ফরম নং-০১) ডাউন লোড পূর্বক A-4 সাইজের কাগজে নিজ হাতে যথাযথভাবে পূরণ করে **আগামী ১১/০৫/২০২২খ্রিঃ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি, চরবাগমারা, রাজবাড়ী** বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে বা সরাসরি টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বিবেচিত হবে না।

০২। বর্ণিত পদে নিয়োগ লাভে আগ্রহী প্রার্থীগণকে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) সনদ পত্রের সত্যায়িত অনুলিপি (মার্কশীট ও প্রসংশাপত্র গ্রহণযোগ্য নয়), জাতীয় পরিচয় পত্রের অনুলিপি, সাম্প্রতিক তোলা ০৩(তিন) কপি পার্সপোর্ট সাইজের রঙ্গিন ছবি (০১ কপি ছবি আবেদন ফর্মের নির্ধারিত স্থানে ও ০১ কপি ছবি প্রবেশ পত্রের নির্ধারিত স্থানে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে এবং ০১ কপি ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দ্বারা আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে), ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা মেয়র/সিটি কর্পোরেশনের মেয়রের নিকট হতে নাগরিকত্ব সনদ ও ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নাম সম্বলিত সীল দ্বারা সকল কাগজ ও ছবি সত্যায়িত হতে হবে) এবং জেনারেল ম্যানেজার, রাজবাড়ী পল্লীবিদ্যুৎ সমিতির অনুকুলে যে কোন তফসিলি ব্যাংক হতে ১০০/= (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না। পোষ্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।

০৩। প্রাপ্ত আবেদনসমূহ প্রাথমিক বাছাইপূর্বক যোগ্য প্রার্থীদের লিখিত ও মৌখিক (প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক) পরীক্ষার তারিখ যথাসময়ে ডাকযোগে অবহিত করা হবে।

০৪। আবেদনের সাথে সংযুক্ত সকল কাগজপত্র প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ও নাম সম্বলিত সীল থাকতে হবে। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৫। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় এক বছরের জন্য অন-প্রবেশনে নিয়োগ করা হবে। অন-প্রবেশনে থাকাকালীন অর্পিত দায়িত্ব ও কর্তব্য সমূহ যথাযথভাবে সম্পাদন বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণ (প্রযোজ্য ক্ষেত্রে), বাৎসরিক কর্মমূল্যায়ন, পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে এবং বাপবিবোর্ডের নির্দেশিকার শর্তপূরণ সাপেক্ষে পবিসের নিজস্ব স্যালারী প্যাটার্ণ এর নির্ধারিত বেতন পরিধিতে চাকুরী নিয়মিত করা যেতে পারে।

০৬। কোটা সংক্রান্ত সরকারী নির্দেশ যথাযথভাবে পালন করা হবে। সেক্ষেত্রে যথাযথ সনদ (সরকারী নির্দেশনা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক) এর অনুলিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে এবং প্রার্থীর সহিত মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখ পূর্বক ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/সিটি কর্পোরেশন/জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার এর প্রত্যয়ন পত্রের মূল কপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৭। অন্য কোন সংস্থা হতে অপসারিত/বরখাস্তকৃত এবং পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্তকৃত ও স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

০৮। প্রতারণামূলক ভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে এবং পরবর্তীতে তা প্রমানিত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে বরখাস্তকরণ সহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯। খামের উপর প্রার্থীত পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে। প্রার্থী মুক্তিযোদ্ধা /মুক্তিযোদ্ধারসন্তান /সন্তানের সন্তান হলে খামের উপর তা সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

১০। অত্র পবিস- এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের কিংবা বোর্ড পরিচালকদের স্বামী/স্ত্রী বা তাদের রক্ত সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

১১। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূরণ হলে সে জেলার প্রার্থীগণের আবেদন বিবেচনা করা হবে না।

১২। নতুন পদ সৃষ্টি, পদোন্নতি, বদলী, কর্মচারীর অবসর গ্রহণ, মৃত্যু, পদত্যাগ অথবা অপারগতা ইত্যাদি কারনে উল্লেখিত পদে শূন্য পদের সংখ্যা পরিবর্তন হতে পারে।

১৩। প্রার্থীকে বাংলাদেশের যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে এবং রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরসহ যে কোন জোনাল অফিস বা সাব জোনাল অফিসে চাকুরী করতে সম্মত থাকতে হবে।

১৪। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদ পত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

১৫। অসম্পূর্ণ এবং ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

22/8/22

(মোঃ মফিজুর রহমান)
জেনারেল ম্যানেজার
মোবাইল - ০১৭৬৯-৪০০০৬৭
ই-মেইলঃ rajbaripbs@yahoo.com

অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ) জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যাঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। পরিচালক, পবিস মানব সম্পদ ব্যবস্থাপনা পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফরিদপুর জোন, বাপবিবো, ফরিদপুর।
০৬। জেলা প্রশাসক, রাজবাড়ী।
০৭। পুলিশ সুপার, রাজবাড়ী।
০৮। নির্বাহী প্রকৌশলী, ফরিদপুর জোন, বাপবিবো, ফরিদপুর।
০৯। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-------------------- পবিস ১/২/৩/৪।
১০। উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর/ বালিয়াকান্দি/ কালুখালী/পাংশা/গোয়ালন্দ উপজেলা।
১১। ডেপুটি জেনারেল ম্যানেজার, সদর দপ্তর-কারিগরী/পাংশা জোনাল অফিস, রাজবাড়ী পবিস।
১২। এজিএম (অর্থ/ওএন্ডএম/সঃসেবা/প্রশাসন)/এজিএম(ওএন্ডএম), বালিয়াকান্দি সাব জোনাল অফিস, রাজবাড়ী পবিস।
১৩। এজিএম(আইটি), রাজবাড়ী পবিস (ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
১৪। নোটিশ বোর্ড/অফিস কপি/ মাস্টার কপি, রাজবাড়ী পবিস

(মোঃ মফিজুর রহমান)
জেনারেল ম্যানেজার।

8

ফরম নং-পমাসপ-১১০-০০২ ভার্সন-০১

রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতির **"ডাটা এন্ট্রি অপারেটর/ড্রাইভার/অফিস সহায়ক পদে"**

প্যানেলভুক্তি/নিয়োগ লাভের জন্য আবেদন ফরম

(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

পাসপোর্ট সাইজের এককপি ছবি এঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত

জেনারেল ম্যানেজার
রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং- স্মারক নং-২৭.১২.৮২০০.৫৫৭.০২.০০৮.২২- ১৭২২	তারিখঃ- ১২ এপ্রিল ২০২২খ্রিঃ
২. আবেদনকৃত পদের নাম..................................... (বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)	৩. পদের ধরণঃ ....
.... ৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম	.... ৫. প্রকাশনার তারিখ
.... ৬. আবেদনকারীর পুর্ণ নাম (বাংলায়)	.... (ইংরেজীতে বড় হাতের অক্ষরে)
.... ৭. জন্ম তারিখ(........ পরীক্ষার সনদ/নিবন্ধন অনুযায়ী)	........../........../.................(দিন/মাস/বছর) ৮. বয়স (- - খ্রিঃ তারিখে)
.... ৯. মাতার নাম	.... ১০. পিতার নাম
.... ১১. ধর্ম	.... ১২. জাতীয়তা
.... ১৩. নিজ জেলা	.... ১৪. টেলিফোন/মুঠো ফোন নম্বর

১৫. বৈবাহিত অবস্থা : (টিক(√)দিন ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. কোন কোটার সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√)দিন ঃ

☐ মহিলা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা ☐ এতিম ও শারীরিক প্রতিবন্ধি

☐ উপজাতি ☐ আনসার ও গ্রাম প্রতিরক্ষা ☐ অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানা ঃ

.... ক. গ্রাম/সড়ক/বাড়ী	.... খ. ডাকঘর	.... গ. উপজেলা/থানা	.... ঘ. জেলা

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক ঃ

....	....	....	....
ক. গ্রাম/সড়ক/বাড়ী	খ. ডাকঘর	গ. উপজেলা/থানা	ঘ. জেলা

--	....	....
১৯. পোষ্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর	২০. পোষ্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মূল্য	২১. ইস্যুর তারিখ

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পুরণ করতে হবে) ঃ

উত্তীর্ণ পরীক্ষার নাম	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	সিজিপিএ/বিভাগ/শ্রেনী		সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর
		জিপিএ/সিজিপিএ	প্রাপ্ত বিভাগ/শ্রেণী/গ্রেড	

২৩. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে) ঃ

২৪. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেতে) ঃ

নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা	চাকুরীর/পদের নাম ও বেতনক্রম	যোগদানের তারিখ	চাকুরী পরিত্যাগের তারিখ

২৫. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত)ঃ

নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে)
১।
২।

২৬. পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য (পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী নিম্নের তথ্য প্রদেয় হবে) ঃ

কর্মরত পবিস এর নাম	পদের নাম	বর্তমান পদে মোট চাকুরীকাল	প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষণে উত্তীর্ণ কি না (হাঁ/না) জবাব হাঁ হলে সনদ সংযুক্ত করতে হবে।	পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রদত্ত হলে দন্ডের তারিখ ও দন্ডের বিবরণ (গুরুদন্ড/লঘুদন্ড)

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে বাপবিবো কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি মানতে বাধ্য থাকবো। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যদি আমি মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হই, সেক্ষেত্রে মৌখিক পরীক্ষায় সাক্ষাৎকার প্রদানের সময় কর্তৃপক্ষের নিকট আমার সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা সনদ এবং অভিজ্ঞতা সনদ এর ২ (দুই) সেট অবিকল প্রতিলিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িতপূর্বক সরবরাহ করতে এবং মুল সদনসমূহ প্রদর্শণ করতে বাধ্য থাকবো।

....
তারিখ

....
আবেদনকারীর স্বাক্ষর

বিঃদ্রঃ- সরকারী/আধা-সরকারী/স্বায়ত্ত শাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি

চরবাগমারা, রাজবাড়ী।

পাসপোর্ট সাইজের এককপি ছবি এঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত হবে।

লিখিত (এমসিকিউ)/লিখিত (রচনামূলক)/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

প্রবেশ পত্র

(অফিস কর্তৃক পূরণীয়)

প্রার্থীর রোল নম্বরঃ --

পরীক্ষার তারিখঃ --

পরীক্ষার সময়ঃ --

পরীক্ষা কেন্দ্রের নামঃ --

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষরঃ --------------------

(প্রার্থী কর্তৃক পূরণীয়)

পদের নামঃ --

প্রার্থীর নামঃ --

প্রার্থী যে ঠিকানায় প্রবেশ পত্র পেতে ইচ্ছুকঃ --

প্রার্থী/আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশাবলী

০১। পরীক্ষার দিন অবশ্যই প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশ পত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

০২। নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ (পনেরো) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহন করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০ (ত্রিশ) মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে/কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারনে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

০৩। উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

০৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র লেখাযুক্ত বা সাদা কাগজ, মুঠোফোন এবং ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষা হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবেনা।

০৫। চাকুরীর আবেদনপত্রের সাথে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

০৬। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

০৭। উল্লেখিত নিয়মাবলী ভঙ্গ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরুপ অশোভন আচরন করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিষ্কার করতে পারবেন। ক্ষেত্রবিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড/পবিস কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।